ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৪০৯

আগরতলা,২৮ এপ্রিল,২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

''বহির্বিভাগ বন্ধ থাকলে বিশেষজ্ঞ চিকিৎসক সংকটে রোগীরা বিপাকে,'' এই শিরোনামে গত ১৮ এপ্রিল, ২০২৫ দৈনিক সংবাদ পত্রিকায় প্রকাশিত সংবাদটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দপ্তরের নজরে এসেছে। দপ্তরের পক্ষ থেকে এ.জি.এম.সি অ্যান্ড জি.বি.পি হাসপাতাল থেকে প্রাপ্ত রিপোর্টের ভিত্তিতে স্পষ্টিকরণ দিয়ে জানানো হয়েছে, হাসপাতালে রোস্টার ও রুটিন অনুযায়ী বিশেষজ্ঞ চিকিৎসকগণ পরিষেবা প্রদান করে থাকেন। মেডিসিন বিভাগ, ইমারজেন্সি মেডিসিন বিভাগ, ট্রমা কেয়ার সেন্টার বিভাগ, স্ত্রী ও প্রসূতি বিভাগ,শিশু বিভাগ, কার্ডিওলজি বিভাগ, নিউরোলজি বিভাগ, নেফ্রোলজি বিভাগ, সার্জিক্যাল বিভাগ, অর্থোপেডিক বিভাগ, ইত্যাদি বিভাগগুলিতে বিশেষজ্ঞ চিকিৎসকগণ রুটিন ও রোস্টার অনুযায়ী পরিষেবা দিয়ে থাকেন।

এ.জি.এম.সি অ্যান্ড জি.বি.পি হাসপাতালের মেডিকেল সুপারের নির্দেশিকা অনুযায়ী প্রতিদিন সকাল ৯ টা থেকে বিকাল ৪:৩০ মিনিট পর্যন্ত আউটডোর বা বহির্বিভাগ এবং বিকাল ৪:৩০ মিনিট থেকে রাত ১০:৩০ মিনিট পর্যন্ত ইনডোর বা অন্তর্বিভাগে নূতন ও পুরাতন রোগীদের দেখার জন্য বিশেষজ্ঞ চিকিৎসকরা থাকেন। রাত ১০:৩০ মিনিট থেকে পরের দিন সকাল ৯ টা পর্যন্ত হাসপাতালে বিশেষজ্ঞ চিকিৎসকদের জন্য অনকল প্রথাও যথারীতি চালু আছে। হাসপাতালের ওয়ার্ডগুলিতে চিকিৎসকদের টিম যথারীতি রাউন্ড দিয়ে থাকেন।

*****